# আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৪৬৩

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৩) ফজর ও আসর নামাযের প্রতি যত্নবান হওয়ার প্রতি উদ্বুদ্ধকরণ

الترغيب في المحافظة على الصبح والعصر

আরবী

(صحيح) وَعَنْ أَبِيْ هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ : يَتَعَاقَبُونَ فِيكُمْ مَلَائِكَةٌ بِاللَّيْلِ وَمَلَائِكَةٌ بِالنَّهَارِ وَيَجْتَمِعُونَ فِي صَلَاةِ الْفَجْرِ وَصَلَاةِ الْعَصْرِ ثُمَّ يَعْرُجُ الَّذِينَ بَاتُوا فِيكُمْ فَيَسْأَلُهُمْ وَهُوَ أَعْلَمُ بِهِمْ كَيْفَ تَرَكْتُمْ عِبَادِي فَيَقُولُونَ تَرَكْنَاهُمْ وَهُمْ يُصَلُّونَ وَأَتَيْنَاهُمْ وَهُمْ يُصَلُّونَ. رواه البخاري ومسلم والنسائي وابن خزيمة في صحيحه

বাংলা

৪৬৩. (সহীহ্) আবু হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেনঃ ’’তোমাদের নিকট রাতের ফেরেশতা এবং দিনের ফেরেশতা পরস্পর আগমণ করেন। তারা ফজর এবং আসর নামাযের সময় মিলিত হন।

অতঃপর যে ফেরেশতারা রাতে তোমাদের সাথে ছিলেন, তারা আল্লাহর কাছে চলে যান। তখন আল্লাহ তা’আলা তাদের জিজ্ঞেস করেন অথচ আল্লাহ তাদের সম্পর্কে বেশী জ্ঞান রাখেন। তোমরা আমার বান্দাদের কি অবস্থায় রেখে এসেছো? ফেরেশতারা জবাবে বলেন, আমরা তাদেরকে এ অবস্থায় রেখে এসেছি যে তারা সালাত আদায় করছে এবং আমরা তাদের কাছে গেছি এমন অবস্থায় যে তারা সালাত আদায় করছে।’’

(হাদীছটি বর্ণনা করেছেন বুখারী ৫৫৫, মুসলিম ৬৩২, নাসাঈ ১/২৪০ ও ইবনে খুযায়মা।) ইবনে খুযায়মার আরেক বর্ণনায় আছেঃ

تَجْتَمِعُ مَلَائِكَةُ اللَّيْلِ وَمَلَائِكَةُ النَّهَارِ فِي صَلَاةِ الْفَجْرِ وَصَلَاةِ الْعَصْرِ فَيَجْتَمِعُونَ فِي صَلَاةِ الْفَجْرِ، فَتَصْعَدُ مَلَائِكَةُ اللَّيْلِ، وَتَثْبُتُ مَلَائِكَةُ النَّهَارِ وَيَجْتَمِعُونَ فِي صَلَاةِ الْعَصْرِ فَيَصْعَدُ مَلَائِكَةُ النَّهَارِ، وَتَثْبُتُ مَلَائِكَةُ اللَّيْلِ فَيَسْأَلُهُمْ رَبُّهُمْ: كَيْفَ تَرَكْتُمْ عِبَادِي؟ فَيَقُولُونَ: أَتَيْنَاهُمْ وَهُمْ يُصَلُّونَ، وَتَرَكْنَاهُمْ وَهُمْ يُصَلُّونَ فَاغْفِرْ لَهُمْ يَوْمَ الدِّينِ

’’রাতের ফেরেশতাগণ ও দিনের ফেরেশতাগণ ফজর এবং আসর নামাযের সময় মিলিত হন। যখন তারা ফজরের

সময় মিলিত হন তখন রাতের ফেরেশতাগণ উপরে চলে যান আর দিনের ফেরেশতাগণ থেকে যান। তারা আবার আসর নামাযের সময় মিলিত হন। তখন দিনের ফেরেশতাগণ উপরে চলে যান এবং রাতের ফেরেশতাগণ থেকে যান। তখন তাদের পালনকর্তা তাদেরকে জিজ্ঞেস করেনঃ তোমরা আমার বান্দাদের কি অবস্থায় রেখে এসেছো? তারা বলেন, আমরা তাদের কাছে গেছি এমন অবস্থায় যে তারা সালাত আদায় করছে এবং আমরা তাদেরকে এ অবস্থায় ছেড়ে এসেছি যে তারা সালাত আদায় করছে। অতএব তাদেরকে বিচার দিবসে ক্ষমা করে দিন।’’

(শায়খ আলবানী বলেন: হাদীছটি ইমাম আহমাদও বর্ণনা করেছেন)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88243

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন